

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 09-01-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্য বিধানসভার শীতকালীন অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে।
- (২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু রাজ্যের ঘরে ঘরে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেবার লক্ষ্যে নিজেদের কর্মদক্ষতাকে কাজে লাগানোর জন্য সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশ দিয়েছেন।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি উন্নত দেশে রূপান্তরিত করতে প্রবাসী ভারতীয়দের গুরুত্বপূর্ণ ভূমিকার উপর জোর দিয়েছেন।
- (৪) মহাকুণ্ড উপলক্ষে আকাশবাণী আগামীকাল কুণ্ডবাণী চ্যানেলের সূচনা করবে।

\*\*\*\*\*

**Assembly Session :**

রাজ্য বিধানসভার শীতকালীন অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লুর ভাষণের মাধ্যমে শুরু হবে অধিবেশন। বিধানসভা বসবে তিন দিন।

\*\*\*\*\*

**DWS-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু রাজ্যের ঘরে ঘরে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেবার লক্ষ্যে নিজেদের কর্মদক্ষতাকে কাজে

লাগানোর জন্য সংশ্লিষ্ট দপ্তরে নির্দেশ দিয়েছেন। রাজ্যপাল আজ আগরতলার বাধারঘাটে রিগ ডিভিশন এবং পানীয় জল ও স্বাস্থ্যবিধান বিভাগের সহকারী বাস্তুকার কার্যালয়ের অফিসটি পরিদর্শনকালে এই নির্দেশ দেন। রাজ্যপালের সঙ্গে ছিলেন পূর্ত দপ্তরের সচিব অভিষেক সিং ও পশ্চিম জেলার জেলাশাসক ডক্টর বিশাল কুমার। রাজ্যপাল দপ্তরের বিভিন্ন কাজকর্ম ঘুরে দেখেন ও কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। পরে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল বলেন বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়ার লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের হর ঘর জল প্রকল্পে রাজ্যের মানুষও সুবিধা পাচ্ছেন।

\*\*\*\*\*

#### **Fish Festival :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ উনকোটি জেলার কাঞ্চনবাড়িতে প্রথমবারের মতো জেলাভিত্তিক মৎস্য উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, রাজ্য মাছের উৎপাদন বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে। এতে মাছের যোগান বৃদ্ধির পাশাপাশি কর্মসংস্থানেরও সুযোগ সৃষ্টি হবে। অনুষ্ঠানে কয়েকজন সুবিধাভোগীর মধ্যে মাছ ধরার জাল, বরফের বল্ল ইত্যাদি প্রদান করা হয়। কয়েকজন মৎস্যচাষীকে সংবর্ধনা জানানো হয়। এই উৎসবে ২৫টি মাছের স্টল খোলা হয়েছে। উপস্থিত ছিলেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, মৎস্য সচিব দীপা ডি, নায়ার, মৎস্য অধিকর্তা সন্তোষ দাশ প্রমুখ।

\*\*\*\*\*

#### **Tripura University :**

ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের শিক্ষার ভূমিকা শীর্ষক এক আন্তর্জাতিক আলোচনাচক্র আজ বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সম্মেলনে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ অংশ নেন।

আলোচনার সূত্রপাত করে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গঙ্গাপ্রসাদ প্রসেইন বলেন, প্রাচীন ভারতে নালন্দা, তক্ষশিলা, বিক্রমশিলার মতো বিশ্ববিদ্যালয় গুরুকূল শিক্ষার মাধ্যমে গোটা বিশ্বে শিক্ষা সম্প্রসারনে ভারতকে বিশ্বগুরুর মর্যাদায় নিয়ে গেছে। নয়া শিক্ষানীতি ২০২০ বিকশিত ভারত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে তিনি মন্তব্য করেন।

#####Byte#####

আলোচনাচক্রে দক্ষিণ বিহারের কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক কামেশ্বর নাথ সিং বলেন, বিকশিত ভারত গঠনে শিক্ষা ও দক্ষতা বিকাশের ভূমিকা গুরুত্বপূর্ণ। বিকশিত ভারত গঠনে চার ক্ষেত্র যুব সম্প্রদায়, মহিলা, কৃষক ও গরীব অংশের জনগনের সামগ্রিক উন্নয়নে গুরুত্ব দিয়েছে কেন্দ্রীয় সরকার। সম্পদ ও ক্ষমতার বিকেন্দ্রীকরণ, দেশের মজবুত গনতন্ত্র ও বিরাট সংখ্যক যুবসম্প্রদায়কে ভারতের মূল চালিকা শক্তি হিসাবে উল্লেখ করেন তিনি।

সিকিম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক জ্যোতি প্রকাশ তামাং বলেন, ২০৪৭ সালের মধ্যে দেশকে বিকশিত করতে শুধু সামগ্রিক উন্নয়নের পাশাপাশি প্রতিটি দেশবাসীর সুস্থ দেহ ও সুস্থ মানসিকতা অর্জন করতে হবে। আলোচনায় টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রতন কুমার সাহা উন্নত প্রযুক্তির উপর গুরুত্ব দেন।

\*\*\*\*\*

#### **Bamboo Training :**

ত্রিপুরা ব্যাস্তু মিশনের উদ্যোগে আজ থেকে শুরু হয়েছে বাঁশ দিয়ে গহনা তৈরির ওপর ১৫ দিনের প্রশিক্ষণ শিবির। লিচুবাগানে ব্যাস্তু এন্ড কেইন ডেভেলপমেন্ট ইনসিটিউটে এই শিবিরের উদ্বোধন করেন ত্রিপুরা ব্যাস্তু মিশনের অধিকর্তা মোহম্মদ সাজজাদ। তিনি জ্ঞানান, প্রশিক্ষণের পর প্রশিক্ষণার্থীদের প্রত্যেকের

কাজের ব্যবস্থা করার পরিকল্পনা করছে সরকার। শিবিরে ব্যাস্ত  
অ্যান্ড কেইন ডেভেলপমেন্ট ইন্সটিউটের অধিকর্তা ডঃ অভিনব  
কান্ত জানান, ২৫ জন শিল্পী এই প্রশিক্ষণে অংশ নিয়েছেন।  
তিনি বলেন, বাঁশের অলংকারের রাজ্যের বাইরেও ভাল চাহিদা  
রয়েছে।

#####Byte#####

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।  
আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ.  
ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং  
নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক  
প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ  
লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন  
ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা /  
ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে  
আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **PM, NRI :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ২০৪৭ সালের মধ্যে ভারতকে  
একটি উন্নত দেশে রূপান্তরিত করতে প্রবাসী ভারতীয়দের  
গুরুত্বপূর্ণ ভূমিকার উপর জোর দিয়েছেন। ওড়িশার ভুবনেশ্বরে  
অষ্টাদশ প্রবাসী ভারতীয় দিবস কনভেনশনের উদ্বোধনের পর  
সমাবেশে ভাষণে প্রধানমন্ত্রী একথা বলেন। বৈশ্বিক উন্নয়নে এবং  
ভারতের বৃদ্ধিতে প্রবাসীদের অবদান উল্লেখ করে তিনি "বিশ্বের  
রাষ্ট্রদূত" হিসাবে কাজ করার জন্য প্রবাসী ভারতীয়দের প্রশংসা

করেন। তিনি বলেন, বিশ্বের প্রত্যেক নেতাই ভারতীয় প্রবাসীদের প্রশংসা করেন। তিনি ভারতে তৈরি দ্রব্যের ব্যবহার ও প্রচারের জন্য উদ্যোগী হতে প্রবাসীদের প্রতি আহ্বান জানান।

##### PM-Prabashi Bharatiya#####

প্রধানমন্ত্রী বলেন যে গত এক দশকে ভারতের ২৫ কোটিরও বেশি মানুষ দারিদ্র্য থেকে বেরিয়ে এসেছেন এবং দেশ এখন বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার দিকে দ্রুত অগ্রসর হচ্ছে। তিনি বলেন মহাকুন্ত এবং মকরসংক্রান্তি থেকে লোহরি, পোঙ্গল ও মাঘ বিহু পর্যন্ত উৎসবের সময়ে দেশে ভারতীয় প্রবাসীদের উপস্থিতি গুরুত্বপূর্ণ। প্রধানমন্ত্রী প্রবাসী ভারতীয় দিবস প্রতিষ্ঠায় প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর অবদানের উল্লেখ করেন। প্রধানমন্ত্রী আজ প্রবাসী তীর্থ দর্শন ঘোজনার অধীনে প্রবাসী ভারতীয়দের জন্য একটি বিশেষ পর্যটন ট্রেন, প্রবাসী ভারতীয় এক্সপ্রেসের উদ্বোধন করেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী এস. জয়শঙ্কর, জুয়াল ওরাম, ধর্মেন্দ্র প্রধান, এবং অশ্বিনী বৈষ্ণব, ওড়িশার রাজ্যপাল হরি বাবু কামভামপতি, মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিকার উপস্থিতি ছিলেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম আগামীকাল ভুবনেশ্বরে সম্মেলনের সমাপ্তি অনুষ্ঠানে যোগ দেবেন।

\*\*\*\*\*

**AIR, Mahakumbh :**

মহাকুন্ত উপলক্ষে আকাশবাণীর কুন্তবাণী চ্যানেল আগামীকাল উত্তর প্রদেশের প্রয়াগরাজে চালু হবে। চ্যানেলটি চালু করবেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী ঘোষী আদিত্যনাথ। তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ড. এল. মুরুগান এই কর্মসূচিতে যোগ দেবেন। অনুষ্ঠান চলাকালীন মুখ্যমন্ত্রী কুন্ত মঙ্গল ধূনও চালু করবেন। আকাশবাণীর কুন্তবাণী চ্যানেল আগামীকাল থেকে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত, সকাল ৫:৫৫ থেকে সন্ধ্যা ১০:০৫ পর্যন্ত মহা কুণ্ডের প্রতিটি

কার্যকলাপের উপর ভিত্তি করে বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচার করবে। অমৃত স্নানের সরাসরি ভাষ্য কুন্তবানী চ্যানেলের মাধ্যমে সম্প্রচার করা হবে। অনুষ্ঠানটি 103 মেগাহার্টজ ফ্রিকোয়েন্সি, নিউজ অন আই আর অ্যাপ এবং ওয়েবস ওটিটি-তে শোনা যাবে।

\*\*\*\*\*

#### **Pariksha Pe Charcha :**

পরীক্ষা পে চৰ্চা ২০২৫ এর জন্য দেশ এবং বিদেশের শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকদের দুই কোটি ৭০ লক্ষেরও বেশি নাম নিবন্ধন হয়েছে। এই অনলাইন নিবন্ধন, MyGov.in পোর্টালে গত মাসের ১৪ তারিখে শুরু হয়েছে। চলতি মাসের ১৪ তারিখ পর্যন্ত নাম নিবন্ধন করা যাবে। শিক্ষা মন্ত্রক বলেছে যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অগ্রাধিকার ভিত্তিক উদ্যোগ, পরীক্ষা পে চৰ্চার ব্যাপক জনপ্রিয়তা শিক্ষার্থীদের মানসিক সুস্থতা বজায় রাখতে এবং পরীক্ষার প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি তৈরিতে এর সাফল্যকে তুলে ধরে।

\*\*\*\*\*

#### **Probasi tripurabasi :**

সুশাসন দপ্তরের সচিব কিরণ গিতে বলেন শীঘ্ৰই প্ৰবাসী নাগৱিকদের জন্য প্ৰবাসী ত্ৰিপুৱাবাসী ডেঙ্ক চালু কৰা হবে। আজ প্ৰবাসী ভাৰতীয় দিবস উপলক্ষ্যে আগৱতলায় সুশাসন দপ্তর আয়োজিত প্ৰবাসী ত্ৰিপুৱাবাসী সামিট অনুষ্ঠানে তিনি একথা বলেন। শ্ৰী গিতে বলেন এই সামিটের মূল উদ্দেশ্য হচ্ছে ত্ৰিপুৱাৰ যেসব নাগৱিক দেশের বা রাজ্যেৰ বাইৱে রয়েছে তাদেৱ সঙ্গে ভাৰ্তুয়ালভাৱে সংযোগ স্থাপন কৰে রাজ্যেৰ উন্নয়নে তাদেৱ মতামত গ্ৰহণ কৰা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্ৰীৰ ওএসডি প্ৰমানন্দ শঙ্কৰ ব্যানার্জী, শিল্প ও বাণিজ্য দপ্তরেৰ অধিকৰ্তা বিশ্বন্তী বি, পৰ্যটন দপ্তরেৰ অধিকৰ্তা প্ৰশান্ত বাদল নেগী। মোট

৬০ জন প্রবাসী নাগরিক ভার্চুয়াল মাধ্যমে আজকের অনুষ্ঠানে ঘোষণান করেন।

\*\*\*\*\*

#### **PM-JANAMAN-South :**

প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান এবং ধরতী আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান প্রকল্পে আজ দক্ষিণ জেলার সাব্রূম মহকুমার পোয়াংবাড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২২ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হয়। পশ্চিম টাঙ্কাতুলসী আয়ুস্থান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার জয়ন্ত চৌধুরী ও আশা কর্মীরা রোগীদের পরিষেবা প্রদান করেন।

\*\*\*\*\*

#### **Sadar 13 Cricket :**

টিসি.এ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ গ্রুপ পর্বের শেষ চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে এন এস আর সি সি ৫ উইকেটে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে, নেপকো মাঠে মডার্ণ ক্রিকেট একাডেমি ৮১ রানে মৌচাক কোচিং সেন্টারকে, বি কে এন ভি মাঠে প্রগতি প্লে সেন্টার ২৫৩ রানে ব্লাডমাউথ ক্লাবকে এবং আশ্বেদকর স্কুল মাঠে কর্ণেল কোচিং সেন্টার ১২১ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে প্রজিত করে।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৩.২ ডিগ্রি

সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৬ ডিগ্রী সেলসিয়াস। আগামীকাল  
সকালে রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে ঘন কুয়াশা পড়ার  
সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

\*\*\*\*\*